



বিষয়ঃ গণিত

শ্রেণিঃ দ্বিতীয়

## সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

- ১।  $৭ \times ৮ =$  কত?  
উত্তরঃ ৫৬
- ২।  $\frac{১}{২}$  কে কীভাবে বলা হয়?  
উত্তরঃ অর্ধেক বা দুই ভাগের এক ভাগ।
- ৩।  $\frac{১}{৪}$  এবং  $\frac{১}{৩}$  এর মধ্যে কোনটি বড়?  
উত্তরঃ  $\frac{১}{৩}$
- ৪।  $\frac{১}{২}$  এর অর্ধেক কত?  
উত্তরঃ  $\frac{১}{৪}$
- ৫। একটি রুটিকে তিন ভাগ করতে প্রত্যেকে কত অংশ করে পাবে?  
উত্তরঃ  $\frac{১}{৩}$
- ৬। ভগ্নাংশের কয়টি অংশ ও কী কী?  
উত্তরঃ ২টি, লব এবং হর।
- ৭। চার ভাগের এক ভাগ বা এক চতুর্থাংশ কীভাবে লিখবে?  
উত্তরঃ  $\frac{১}{৪}$
- ৮। জ্যামিতি শব্দটি কোন শব্দ থেকে এসেছে?  
উত্তরঃ গ্রীক শব্দ থেকে।
- ৯। জ্যামিতি শব্দের অর্থ কী?  
উত্তরঃ ভূমির পরিমাপ।
- ১০। নয় এর ক্রমবাচক সংখ্যা কত?  
উত্তরঃ নবম
- ১১। ১ ঘণ্টা = কত মিনিট?  
উত্তরঃ ৬০ মিনিট।
- ১২। একটি চতুর্ভুজের কয়টি বাহু?  
উত্তরঃ চারটি।
- ১৩।  $২০ \div ৫ =$  কত?  
উত্তরঃ ৪।
- ১৪। ১ দিন = কত ঘণ্টা?  
উত্তরঃ ২৪ ঘণ্টা।
- ১৫। তিনটি সরলরেখা দ্বারা আবদ্ধ আকৃতিকে কী বলে?  
উত্তরঃ ত্রিভুজ।



বিষয়ঃ বাংলা ১মপত্র

শ্রেণিঃ দ্বিতীয়

## আমাদের ছোট নদী

### ১। শব্দার্থঃ

- হাঁক = চিৎকার করে ডাকা  
বাদল ধারা = বৃষ্টির ধারা  
খরতর = প্রবল  
সাড়়া = শোরগোল বা আলোড়ন  
উৎসব = আনন্দের অনুষ্ঠান  
ঢালু = নিচু  
নাওয়া = গোসল করা

### ২। শূন্যস্থান পূরণঃ

- ক) ছেলেমেয়েরা হাঁটুজলে মাছ ধরছে।  
খ) নববর্ষে সারা দেশ উৎসবে মেতে ওঠে।  
গ) নদীর কুলে সাদা কাশবন দেখা যায়।  
ঘ) এক বাঁক পাখি উড়ে গেল।  
ঙ) রোদে বালি চিকচিক করে।

### ৩। বাক্য গঠনঃ

- নদী = নদী এঁকে বেঁকে চলে।  
পাখি = পাখি কিচিরমিচির করে ডাকে।  
কাশবন = কাশবন ফুলে ফুলে সাদা দেখা যায়।  
চিকচিক = নদীর ধারে বালি চিক চিক করে।

### ৪। প্রশ্নোত্তরঃ

#### ক) বাঁকে বাঁকে কী বয়ে চলে?

উত্তরঃ আমাদের দেশের ছোট নদীগুলো বাঁকে বাঁকে বয়ে চলে।

#### খ) নদীর দুই ধার দেখতে কেমন?

উত্তরঃ নদীর দুই ধার দেখতে উঁচু।

#### গ) রাতে কি শোনা যায়?

উত্তরঃ রাতে শেয়ালের ডাক শোনা যায়।

#### ঘ) কখন নদী পানিতে ভরে যায়?

উত্তরঃ আষাঢ় মাসে নদী পানিতে ভরে যায়।



## নানা রঙের ফুল ফল

### ১। শব্দার্থঃ

কোষ - কোয়া

দানা - বিচি

খোসা - ছাল

সুগন্ধ - সুবাস

### ২। শূন্যস্থান পূরণঃ

বোর্ড বই থেকে ২নং

### ৩। যুক্তবর্ণঃ

বোর্ড বই থেকে ৩নং

### ৪। বাক্য গঠনঃ

ডালিম = ডালিমের দানা টুকটুকে লাল।

শাপলা = বিলে ঝিলে শাপলা ফোঁটে।

কদম = কদম দেখতে খুব সুন্দর।

### ৫। প্রশ্নোত্তরঃ

ক) কী কী ফুল লাল রঙের হয়?

উত্তরঃ জবা, কুম্ভুড়া, শিমুল, পলাশ ও গোলাপ লাল রঙের হয়।

খ) কী কী ফুল সাদা রঙের হয়?

উত্তরঃ বেলি, রজনীগন্ধা, কামিনী, গন্ধরাজ, হাসনাহেনা, দোলনচাঁপা ও শিউলি ফুল সাদা রঙের হয়।

গ) কোন কোন ফুলে গন্ধ নেই?

উত্তরঃ কাশ, টগর ও কলাবতী ফুলে গন্ধ নেই।

ঘ) কাঁচা থাকতে কোন কোন ফল সবুজ হয়?

উত্তরঃ কাঁচা আম, পেঁপে, পেয়ারা, বাঙ্গি সবুজ হয়।

৬। ফরম পূরণঃ

মনে কর, তুমি সোহেল রহমান। তুমি তোমার বিদ্যালয় ক্লাবের একজন সদস্য হতে চাও। সদস্য হওয়ার জন্য তোমার ব্যক্তিগত তথ্য দিয়ে নিচের ফরমটি পূরণ কর।

নিউব্লোন স্কুল টংগী-গাজীপুর।		ছবি
<u>ব্যক্তিগত তথ্য</u>		
১। নাম	ঃ.....	
২। পিতার নাম	ঃ.....	
৩। জন্ম তারিখ	ঃ.....	
৪। বর্তমান ঠিকানা	ঃ.....	
৫। বিদ্যালয়ের নাম	ঃ.....	
৬। শ্রেণি	ঃ.....	
৭। শ্রেণিশিক্ষক	ঃ.....	
৮। যে খেলা খেলতে পার	ঃ.....	
_____		
স্বাক্ষর		



বিষয়ঃ বাংলা ১মপত্র

শ্রেণিঃ দ্বিতীয়

## গল্পঃ দাদির হাতের মজার পিঠা

### ১। শব্দার্থঃ

অনুষ্ঠান - আয়োজন

উনুন - চুলা

অঞ্চল - এলাকা

বিখ্যাত - নামকরা

সুন্দর - ভালো / উত্তম

### ২। শূন্যস্থান পূরণঃ

ক) ভাপ দিয়ে তৈরি হয় ভাপা পিঠা।

খ) গোলাপ দেখতে সুন্দর।

গ) অতিথির জন্য মজাদার খাবার রান্না হচ্ছে।

ঘ) টাঙ্গাইলের চমচম বিখ্যাত।

### ৩। যুক্তবর্ণঃ পৃঃ ৩৮ এর ৩নং (বই থেকে)

### ৪। বাক্য গঠন করঃ

পিঠা = পিঠা খেতে ভারি মজা।

সুন্দর = গোলাপ দেখতে সুন্দর।

বিখ্যাত = টাঙ্গাইলের চমচম বিখ্যাত।

উনুন = উনুনে ভাত বসাও।

### ৫। প্রশ্নোত্তরঃ

ক) পিঠাপুলি খাওয়ার ধুম পড়ে কখন?

উত্তরঃ শীতকালে নতুন ধান ওঠে। টেকিতে ধান ভানার পর চাল গুঁড়ো করা হয়। তাই শীতকালে পিঠাপুলি খাওয়ার ধুম পড়ে।

খ) ভাপে সিদ্ধ পিঠাকে কী পিঠা বলে?

উত্তরঃ ভাপে সিদ্ধ পিঠাকে বলে ভাপা পিঠা।

গ) ভাপা পিঠা বানাতে কী কী লাগে?

উত্তরঃ ভাপা পিঠা বানাতে লাগে চালের গুঁড়ো, খেজুরের গুড় আর কোরা নারকেল।



**NEW BLOWN**

- An Int'l Standard School -

**4<sup>th</sup> Week**

---

Sub: English-II

Class: Two

Paragraph:

### **Your Favourite Fruit**

I like many fruits but my favourite fruit is mango. It is called the king of fruits. It is of different size and taste. Some are sour and some are sweet. It is useful for our health. Mango is definitely the most loved fruit in Bangladesh and I like mangoes a lot.